

ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব জেলা আক্কার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখঃ ২০-১০-২০২২ খ্রিঃ রোজঃ বৃহস্পতিবার, সময়ঃ ১১.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের সভায় উপস্থিতি হাজিরা পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব ও উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে এ্যাসিসটিভ ডিভাইস বিতরণ সম্পর্কে আলোচনা	বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে এ্যাসিসটিভ ডিভাইস বিতরণ এর লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ হতে হুইল চেয়ার ৪টি প্রতিটি ১০০০০/-টাকা করে ৪০০০০/- (চল্লিশ হাজার) টাকা। সাদা ছড়ি ৫টি ১০০০/- (এক হাজার) টাকা করে ৫০০০/-টাকা শ্রবণ যন্ত্র ২টি ২৫০০/-টাকা করে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিতরণের লক্ষ্যে সভায় আলোচনা করেন।	আলোচ্য বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে এ্যাসিসটিভ ডিভাইস বিতরণ কৃত মালামাল যথাযথভাবে ব্যবহার নিশ্চিত করা র জন্য শিক্ষকদের নির্দেশনা প্রদান করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	বাস্তবায়নকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সরিষাবাড়ী, জামালপুর।
০২	শিক্ষকদের গণিত বিষয়ের উপর প্রশিক্ষণ	উপজেলা শিক্ষা অফিসার সরিষাবাড়ী, জামালপুর মহোদয় সভায় আলোচনা করেন যে, সপ্রা বি এর শিক্ষকদের মধ্যে গণিত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ৯০জন শিক্ষক ও ব্যাচে ৩০জনকরে প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব প্রেরণে করা হয়। প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করেন।	সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী গণিত বিষয়ে পাঠদানকারী শিক্ষকদের নামের তালিকা প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন দিবেন।	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জেলা আক্কার)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

ও
সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং- উশিঅ/সরিষা/জামাল/২০২৩/ ৩৮০/২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৬। অফিস কপি।



(নাহিদা ইয়াসমীন)
উপজেলা শিক্ষা অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।

ও
সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা
সভাপতি : জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখ : ২০-১০-২০২২ খ্রিঃ, রোজঃ বৃহস্পতিবার, সময় : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রঃ নং	নাম ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
০১	জনাব জেলী আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
০২	চেয়ারম্যান, মহাদান ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৩	চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৪	চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৫	উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য-সচিব	